

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
নির্মাণ শাখা

নং-স্বাস্থ্য সেবা/নির্মাণ/TEC-১/০৮-৪৫১

তারিখঃ ০৫/১২/২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ** পুরাতন জরাজীর্ণ ভবন/স্থাপনা/দালানসমূহ একেজো ঘোষণাকরণ কমিটি গঠন


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন পরিত্যক্ত/অব্যবহৃত/লে-আউটে পতিত পুরাতন জরাজীর্ণ ভবন/স্থাপনা/দালানসমূহ ভাঙ্গা, অপসারণ এবং মূল্য নির্ধারণের জন্য নির্দেশক্রমে নিম্নোক্ত কমিটি পুনর্গঠন করা হলো:

কমিটিঃ

(ক) সিভিল সার্জন (সংশ্লিষ্ট জেলা)	-	আহ্বায়ক
(খ) নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সংশ্লিষ্ট বিভাগ)	-	সদস্য
(গ) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/প্রতিনিধি (সংশ্লিষ্ট উপজেলা)	-	সদস্য
(ঘ) উপজেলা নির্বাহী কর্মকর্তা/প্রতিনিধি ((সংশ্লিষ্ট উপজেলা)	-	সদস্য
(ঙ) উপজেলা প্রকৌশলী/উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি (সংশ্লিষ্ট উপজেলা)-	-	সদস্য
(চ) সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সংশ্লিষ্ট জেলা)	-	সদস্য
(ছ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)	-	সদস্য সচিব

কর্মপরিধিঃ

- (ক) কমিটি ভবন ব্যবহারকারী কর্তৃপক্ষের নিকট থেকে ভবন ব্যবহার অনুপযোগী সংক্রান্ত প্রত্যয়ন পত্র সংগ্রহ করবে;
- (খ) ভবনটি রোগীদের চিকিৎসার কাজে ব্যবহৃত হলে তাদের চিকিৎসার জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণ করবে;
- (গ) কমিটি জরিপপূর্বক ভবনের মূল্য নির্ধারণ করবে ;
- (ঘ) সিভিল সার্জন সংশ্লিষ্ট কাগজ পত্রাদি এবং কমিটির সিদ্ধান্ত অনুমোদনের জন্য স্বাস্থ্য সেবা বিভাগে প্রস্তাব প্রেরণ করবে। স্বাস্থ্য সেবা বিভাগের অনুমোদনক্রমে কমিটি স্থাপনা ভাঙ্গা ও অপসারণের পরবর্তী কার্যক্রম সম্পন্ন করবে।


  
(মোহাম্মদ আলমগীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৭৭৯৮৯

নং-স্বাস্থ্য সেবা/নির্মাণ/TEC-১/০৮-৪৫১/১(১৫০)

তারিখঃ ০৫/১২/২০১৭ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :**

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক-----জেলা।
- ৬। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিভিল সার্জন-----জেলা।
- ৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(মোহাম্মদ আলমগীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব